

🗏 वाल-মুমিनुन | Al-Mu'minun | ٱلْمُؤْمِنُون

আয়াতঃ ২৩: ৩৪

💵 আরবি মূল আয়াত:

وَ لَئِن اَطَعتُم بَشَرًا مِّتلَكُم إِنَّكُم إِنَّكُم إِذًا لَّخْسِرُونَ ﴿٣٢﴾

'আর যদি তোমরা তোমাদের মতই একজন মানুষের আনুগত্য কর, তবে তোমরা অবশ্যই ক্ষতিগ্রস্ত হবে'। — আল-বায়ান

তোমরা যদি তোমাদের মতই একজন মানুষের আনুগত্য কর, তাহলে তোমরা অবশ্যই ক্ষতিগ্রস্ত হবে। — তাইসিরুল যদি তোমরা তোমাদেরই মত একজন মানুষের আনুগত্য কর তাহলে তোমরা অবশ্যই ক্ষতিগ্রস্ত হবে। — মুজিবুর রহমান


And if you should obey a man like yourselves, indeed, you would then be losers. — Sahih International

৩৪. যদি তোমরা তোমাদেরই মত একজন মানুষের আনুগত্য কর তবে তোমরা অবশ্যই ক্ষতিগ্রস্ত হবে(১);

(১) মানুষ নবী হতে পারে না এবং নবী মানুষ হতে পারে না, এ চিন্তাটি সর্বকালের পথভ্রষ্ট লোকদের একটি সম্মিলিত ভ্রান্তি ছাড়া আর কিছুই নয়। কুরআন বারবার এ জাহেলী ধারণাটির উল্লেখ করে এর প্রতিবাদ করেছে এবং পুরোপুরি জোর দিয়ে একথা বর্ণনা করেছে যে, সকল নবীই মানুষ ছিলেন এবং মানুষদের জন্য মানুষেরই নবী হওয়া উচিত। [বিস্তারিত জানার জন্য দেখুনঃ সূরা আল-আরাফ: ৬৩–৬৯; সূরা ইউনুস: ২; সূরা হূদ: ২৭–৩১; সূরা ইউসুফ: ১০৯; সূরা আর রা'দ: ৩৮; সূরা ইবরাহীম: ১০–১১; সূরা আন-নামল: ৪৩; সূরা আল-ইসরা: ৯৪–৯৫; সূরা আল-আম্বিয়া: ৩–৮; সূরা আল-মুমিনুন: ৩৩–৩৪ ও ৪৭; সূরা আল ফুরকান: ৭–২০; সূরা আশ শুআরা: ১৫৪–১৮৪; সূরা ইয়াসীন, ১৫ ও সূরা ফুসসিলাত: ৬ আয়াত]।

তাফসীরে জাকারিয়া

- (৩৪) যদি তোমরা তোমাদেরই মত এক জন মানুষের আনুগত্য কর, তাহলে তোমরা অবশ্যই ক্ষতিগ্রস্ত হবে। [1]
 - [1] তা ক্ষতির কথাই বটে যে, নিজেদেরই মত একজন মানুষকে রসূল মেনে নিয়ে তোমরা তার মর্যাদা ও বড়ত্বকে মেনে নেবে। অথচ একজন মানুষ অপর মানুষ হতে উত্তম কি করে হতে পারে? এই সেই ভ্রান্তি; যা আল্লাহর রসূলকে মানুষ হিসাবে অস্বীকারকারীদের মাথায় ঢুকে আছে। অথচ আল্লাহ যে মানুষকে রিসালাতের (রসূল হওয়ার) জন্য নির্বাচন করেন, তিনি রিসালাত ও অহীর কারণে অন্য সমস্ত সাধারণ মানুষ অপেক্ষা





সম্মানিত, উত্তম ও সর্বশ্রেষ্ঠ বলে বিবেচিত হন।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2707

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন